৬৬

দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 MAR 1998 ..
পৃষ্ঠা ১ কলাম ৫ ....

# বুয়েটের স্থাপত্য বিভাগে ডীন ঘেরাও ঃ পদত্যাগের চাপ ঃ ছাত্র-শিক্ষক ধাক্কাধাক্কি

স্টাফ রিপোর্টার ঃ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষার নতুন নিয়মকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতিতে ১৫ জন শিক্ষকের পদত্যাগের পর গতকাল ছাত্ররা ঐ বিভাগের প্রধান এবং ডীনকেও পদত্যাগের জন্য চাপ সৃষ্টি করে। বিকেলে এক পর্যায়ে ছাত্ররা ডীন ফরুক এ ইউ খানকে ঘেরাও করে। এ খবর পেয়ে একাডেমিক কাউন্সিলের সভা থেকে অন্যান্য শিক্ষকরা ঘটনাস্থলে গিয়ে অধ্যাপক ফারুককে উদ্ধার করে নিয়ে আসে। এ সময় স্থাপত্য বিভাগের ছাত্রদের সাথে বুয়েটের উক্ত শিক্ষকদের তীব্র বাদানুবাদ ও মৃদু ধাক্কাধাক্কি হয়। পরে ছাত্ররা ক্যাম্পাসে একটি বিক্ষোভ মিছিল বের করে। এদিকে বুয়েটের শিক্ষকরা তাদের সাথে অশোভন আচরণ ও স্থাপত্য বিভাগে অচলাবস্থা সৃষ্টির জন্য দায়ী ছাত্রদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য ভিসিকে অনুরোধ করেছে।